

কালের কণ্ঠ

তারিখ ১.৬.১৯৭১...
পৃষ্ঠা ...

১৮তম সার্ক শীর্ষ সম্মেলন নেপালে ১৪ নভেম্বর

কূটনৈতিক প্রতিবেদক

দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) ১৮তম শীর্ষ সম্মেলন আগামী ১৪ নভেম্বর অনুষ্ঠানের প্রস্তুতি নিচ্ছে নেপাল। গত মাসে নেপালের মন্ত্রিসভা এক বৈঠকে এই তারিখ নির্ধারণ করে। এখন রীতি অনুযায়ী সম্মেলন আয়োজক দেশ নেপাল সার্কের অপর সাতটি সদস্য রাষ্ট্রকে অর্থিত করার কাজ শুরু করেছে।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, নেপালের প্রস্তাবিত সময়সূচি অনুযায়ী অষ্টাদশ শীর্ষ সম্মেলনের আনুষ্ঠানিকতা চলবে ৯ থেকে ১৪ নভেম্বর পর্যন্ত। ১৪ নভেম্বর শীর্ষ সম্মেলনের আগে জেষ্ঠ কর্মকর্তা, সচিব ও পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে। নেপাল সরকার এখনো সম্মেলনের ভেনু নির্ধারণের বিষয়ে কাজ চলেছে। রাজধানী কাঠমান্ডু থেকে প্রায় ২০০ কিলোমিটার পশ্চিম গোথরা শহরে ওই সম্মেলন অনুষ্ঠানের সজ্জা করা হয়েছে।